দূরের বন্ধু সুরের দূতীরে পাঠালো তোমার ঘরে।
মিলনবীণা যে হৃদয়ের মাঝে বাজে তব অগোচরে॥
মনের কথাটি গোপনে গোপনে
বাতাসে বাতাসে ভেসে আসে মনে,
বনে উপবনে,
বকুলশাখার চঞ্চলতায় মর্মরে মর্মরে॥
পুষ্পমালার পরশপুলক পেয়েছ বক্ষতলে,
রাখো তুমি তারে সিক্ত করিয়া সুখের অশ্রুজলে।
ধরো সাহানাতে মিলনের পালা,
সাজাও যতনে বরণের ডালা—
মালতীর মালা,
অঞ্চলে ঢেকে কনকপ্রদীপ আনো আনো তার পথ-’পরে

[ পপা -া ]

II গমা -া গা মা | পদা -া পা -া I মা পা পা পা | পদা -পা মা গা
দূ • রে র ব ন্ ধু • সু রে র দূ তী • রে পা

I গা -মা গা ঋা | গা -া -মা মা I গমা -া মা -পা | -গা -মা -পা -দা
ঠা • লো তো মা • • র ঘ• •রে • • • • •

I পা -া গা মা | পদা -া পা -া I পা পর্সা না র্সা | র্ঋা -া র্সা -া
দূ • রে র ব ন্ ধু • মি ল ন বী ণা • যে •

I না র্সা পর্ঋা র্সা | ণা -দা দা -পা I পা -দা দা -ণা | -া -া -া -া
হৃ দ য়ে র মা • ঝে • বা • জে • • • • •

I সা সা গা গা | মা মা -া -পা II
ত ব অ গো চ রে • •

II { পদা দা দা দা | না -া র্সা -া I র্সর্ঋা র্ঋা র্ঋা র্ঋা | র্সা -না র্সা -া I
ম • নে র ক থা • টি • গো প নে গো প • নে •

I দা দা দা দা | দা -া দর্জ্ঞা -া I -র্সা -র্ঋা -র্জ্ঞা -র্ঋা | -র্সা -ণা -দা -ণা I
বা তা সে বা তা • সে • • • • • • • • •

I র্সা র্সর্জ্ঞা র্জ্ঞা র্জ্ঞা | র্ঋা -া র্সা -া I ণা র্সা র্ঋা র্সা | ণা -া দা -া } I
ভে সে আ সে ম • নে • ব নে উ প ব • নে •

I দর্জ্ঞা র্জ্ঞা র্জ্ঞা র্সর্রা | র্জ্ঞা -া -া -া I র্সর্জ্ঞা -া র্জ্ঞা র্রা | র্জ্ঞা -া -া -া I
ব কু ল শা খা • • র্ চ ন্ চ ল তা • • •

I -র্জ্ঞর্মা -র্জ্ঞর্মা -র্সর্জ্ঞা -র্ঋা | -র্সা -ণা -দা -পা I সা -া সা সা | সা -দা দা দা I [ ] I
•• •• • • • • • • র্ ম র্ ম রে ম র্ ম রে

II { সা -া সা সা | সা -া -দা দা I পা পা মা মা | মা মা মা -পা I
পু ষ্ প মা লা • • র প র শ পু ল ক পে •

I মা -ণা পদা -া | পা -া মা -পা I জ্ঞা -রা জ্ঞা -া | -মা -পা -দা -ণা I
য়ে • ছ • বো ক্ খ • ত • লে • • • • •

I পর্সা ণা দা পা | মা মা জ্ঞা -া I জ্ঞা -মা মা -পমা | জ্ঞা -রা জ্ঞা -া I
রা খো তু মি তা রে সি ক্ ত • ক •• রি • য়া •

I জ্ঞা -মা মা -জ্ঞা | সা -ঋা মজ্ঞা -রজ্ঞা I ঋা -া সা -া | -া -া -া -া } I
সু • খে র্ অ শ্ রু • •• জ • লে • • • • •

I দা দা দা দা | না -া র্সা -া I র্ঋা র্ঋা র্ঋা র্সা | না -া র্সা -া I
ধ রো সা হা না • তে • মি ল নে র পা • লা •

I ণদা দা -া দা | দা -া র্জ্জা -া I -র্সা -র্ঋা -র্জ্জা -র্ঋা | -র্সা -ণা -দা -ণা I
সা জা ও য ত • নে • • • • • • • • •

I র্সা র্জ্জা র্জ্জা র্জ্জা | র্ঋা -া র্সা -া I না র্সা র্ঋা র্সা | ণা -া ণা -দা ]
ব র ণে র ডা • লা • মা ল তী র মা • লা •

I পা -ণা ণা ণদা | দা -া পা -দা I মপা পমা জ্ঞা রা | জ্ঞা -া -া -রসা
অ ন্ চ লে• ঢে • কে • ক ন• ক প্র দী • • •প্

] সা -া সা -দা | -া -া -া -া I সা সা সা সা | সদা দা দা দা II [ ] I
আ • নো • • • • • আ নো তা র প• থ প রে

৬

প্রাঙ্গণে মোর শিরীষশাখায় ফাগুন মাসে
কী উচ্ছ্বাসে
ক্লান্তিবিহীন ফুল ফোটানোর খেলা।
ক্ষান্তকূজন শান্তবিজন সন্ধ্যাবেলা
প্রত্যহ সেই ফুল্ল শিরীষ প্রশ্ন শুধায় আমায় দেখি,
'এসেছে কি— এসেছে কি।'
আর বছরেই এমনি দিনেই ফাগুন মাসে
কী উচ্ছ্বাসে
নাচের মাতন লাগল শিরীষ-ডালে
স্বর্গপুরের কোন্ নূপুরের তালে।
প্রত্যহ সেই চঞ্চল প্রাণ শুধিয়েছিল, 'শুনাও দেখি,
আসে নি কি— আসে নি কি।'

আবার কখন এমনি দিনেই ফাগুন মাসে
কী আশ্বাসে
ডালগুলি তার রইবে শ্রবণ পেতে
অলখ জনের চরণ-শব্দে মেতে।
প্রত্যহ তার মর্মরস্বর বলবে আমায় কী বিশ্বাসে,
'সে কি আসে— সে কি আসে।'

প্রশ্ন জানাই পুষ্পবিভোর ফাগুন মাসে
কী আশ্বাসে,
'হায় গো, আমার ভাগ্য-রাতের তারা,
নিমেষ-গণন হয় নি কি মোর সারা।'
প্রত্যহ বয় প্রাঙ্গণময় বনের বাতাস এলোমেলো—
'সে কি এল— সে কি এল।'